দৈনিক ইত্তেফাক

২৪/৪/২০০১

তারিখ ................
পৃষ্ঠা ...১... কলাম ...৬....

# আগামী বছর হইতে থানা সদরের বাহিরে পরীক্ষা কেন্দ্র থাকিবে না

রেজানুর রহমান ॥ আগামী বছর হইতে থানা সদরের বাহিরে বোর্ডের পরীক্ষার জন্য কোন কেন্দ্র রাখা হইবে না। শুধুমাত্র থানা ও জেলা সদরের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এসএসসি ও এইচএসসি পরীক্ষা গ্রহণ করা হইবে। পরীক্ষায় নকল ও অনাকাঙ্ক্ষিত ঘটনা প্রতিরোধের লক্ষ্যে সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। সভায় সদ্য সমাপ্ত এসএসসি পরীক্ষায় বিভিন্ন কেন্দ্রের পরিবেশ-পরিস্থিতি পর্যালোচনা করা হয়। পাশাপাশি পরীক্ষা চলাকালে নকল সরবরাহ অথবা প্রশ্নপত্রের উত্তর বলিয়া দেওয়ার সময় গ্রেফতারকৃত শিক্ষকদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ব্যাপারে কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়। উল্লেখ্য, সদ্য সমাপ্ত এসএসসি পরীক্ষায় সারাদেশে (২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## আগামী বছর হইতে

(১ম পৃঃ পর)

প্রায় দুইশত শিক্ষককে বহিষ্কার করা
ইয়াছে।

এদিকে ১০ই মে হইতে সারাদেশে
রু হইবে ২০০১ সালের এইচএসসি
রীক্ষা। দেশের ৯৪২টি পরীক্ষা কেন্দ্রে ৫
ক্ষ ৭১ হাজার ১৯৪ জন পরীক্ষার্থী এই
রীক্ষায় অংশ নিবে। এইচএসসি পরীক্ষা
ুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সরকার ব্যাপক
ক্ষেপ গ্রহণ করিয়াছে। কোন কেন্দ্রে
ৃঙ্খলা সৃষ্টি হইলে তৎক্ষণাৎ কেন্দ্র
তল করিয়া অন্য কেন্দ্রে পরবর্তী পরীক্ষা
ণের ব্যবস্থা নেওয় হইবে। নকল
বরাহের সময় কেহ ধরা পড়িলে
্যমাণ আদালতে তাহার বিচার করিয়া
া প্রদান করা হইবে। শিক্ষকদের মধ্যে
ে নকল সরবরাহ অথবা প্রশ্নের উত্তর
য়া দেওয়ার সময় ধরা পড়িলে তাহাকে
 হইতে বহিষ্কারের পাশাপাশি বিভাগীয়
স্থা গ্রহণ করা হইবে।